DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) 󰀀 তৈরি: 13 Sep 2026, 02:15 PM

আন্তর্জাতিক

অসুস্থ হয়ে পড়েছেন পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী

# ইমরান খানকে কারাগার থেকে হাসপাতালে নেওয়ার নির্দেশ আদালতের

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সংগৃহীত ছবি

পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানকে কারাগার থেকে হাসপাতালে নেওয়ার নির্দেশ দিয়েছেন দেশটির সুপ্রিম কোর্ট। আদালত বলেছেন তাকে ইসলামাবাদের শিফা হাসপাতালে স্থানান্তর করে সেখানে যেন প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষা করা হয়।

মঙ্গলবার (১৮ আগস্ট) একটি পিটিশনের রায়ে সুপ্রিম কোর্টের তিন সদস্যের বেঞ্চ এ নির্দেশ দেন। তারা বলেছেন, ইমরান খানকে প্রতি সপ্তাহে তার পরিবারের সদস্যদের সঙ্গে যোগাযোগ করতে দিতে হবে। তার চিকিৎসার জন্য একটি মেডিকেল বোর্ড গঠন করতে হবে। আর এ বোর্ডে ইমরানের ব্যক্তিগত চিকিৎসক ও তার বোন ডাঃ উজমা খানকে রাখতে হবে।

অপরদিকে ইমরান খানের আইনজীবী এবং পরিবারের সদস্যদের আদালত বলেছেন, তারা যেন তার স্বাস্থ্য পরীক্ষার কোনো রিপোর্ট

সংবাদমাধ্যমকে না দেন এবং বিষয়টিকে রাজনীতিকরণ না করেন।

ইমরান খান গত তিন বছর ধরে আদিয়ালা জেলে বন্দি আছেন। জেল সুপার গতকাল সুপ্রিম কোর্টের কাছে ইমরানের স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট প্রদান করেন।

এতে বলা হয়, কারা কর্তৃপক্ষ ইমরান খান ও তার স্ত্রীকে পর্যাপ্ত স্বাস্থ্য সুবিধা দিচ্ছে। মেডিকেল অফিসাররা দিনে তিনবার ইমরানের স্বাস্থ্য ও খাবার পরীক্ষা করেন এবং তার রক্তচাপ, হার্ট রেট এবং অক্সিজেনের মাত্রার তথ্য রেকর্ড করেন।

তবে গত ১ আগস্ট ডাঃ আক্তার আলী বান্দেশাহর করা একটি স্বাস্থ্য পরীক্ষায় দেখা গেছে ইমরান খানের অনিয়ন্ত্রিত রক্তচাপ রয়েছে এবং তার রক্তচাপ ওঠানামা করে। এরসঙ্গে তার বুক ধরফর, মাথাব্যথা এবং অস্থিরতা রয়েছে।

ইমরান খান চিকিৎসককে বলেছেন, স্ত্রীর সঙ্গে নিয়মিত দেখা করতে না দেওয়া, পরিবারের সঙ্গে যোগাযোগ করতে না পারা এবং টিভি ও পত্রিকা না দেওয়ায় তিনি মানসিকভাবে সমস্যায় ভুগছেন।

সূত্র: দ্য ডন

---

## এ বিভাগের আরও খবর




**২৪০ যাত্রী নিয়ে জাভা সাগরে নিখোঁজ জাহাজ**
ইন্দোনেশিয়ার পূর্ব জাভা থেকে বোর্নিও দ্বীপের দক্ষিণ কালিমন্তানের পথে ২৪০ যাত্রী নিয়ে একটি যাত্রীবাহী জাহাজের যোগাযোগ বিচ্ছিন্ন হয়েছে। রবিবার...




**সৌদি সামরিক ঘাঁটিতে হুথিদের মিসাইল-ড্রোন হামলা**
সৌদি আরবের দক্ষিণাঞ্চলের একটি সামরিক ঘাঁটিতে মিসাইল ও ড্রোন হামলা চালিয়েছে ইয়েমেনের হুথি বিদ্রোহীরা। বাংলাদেশ সময় রোববার (১৩ সেপ্টেম্বর) মধ্...



**মধ্যপ্রাচ্যে আগ্রাসন ও একতরফা শুল্ক আরোপে নিন্দা ব্রিকসের নেতাদের**

জাতিসংঘ নিরাপত্তা পরিষদের (ইউএনএসসি) কাঠামোগত পরিবর্তন-সহ বহুপক্ষীয় সংস্থাগুলোর সংস্কারের জোর দাবি জানিয়েছেন ব্রিকসের শীর্ষ নেতারা। পাশাপা...



**হুথিদের হামলায় সৌদির জিজানে মসজিদসহ বহু স্থাপনা ক্ষতিগ্রস্ত**

ইয়েমেনের হুথি বিদ্রোহীদের হামলায় সৌদি আরবের জিজান প্রদেশে একটি মসজিদসহ বহু ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। সৌদি আরবের সিভিল ডিফেন্স জানিয়েছে, হুথি...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/international/imran-khanke-karagar-theke-haspatale-neoyar-nirdesh-adalter